

তিতিক্ষু কালাতিপাত

-ফজলে এলাহি মুজাহিদ

বিবৃত সত্যেরা যখন নিয়তির বিবর্ণ লৌহ-দরজায়
কড়া নাড়ে অচেনা, অজানা, অনাহত অতিথির মত
হাতড়ে ফিরি পাটের মোড়ানো ভাগ্য-শিকেয়
যদি কিছু অজান্তে থেকে যাওয়া পাথেয় মেলে...

ঘরে ফেরা পাখিদের ডানার মত মন আমার
বড়ই দোদুল্যমান; বড্ড আশাবাদী 'ফেরা'র
ঠোঁটে ল'য়ে সম্মিত খাবার, চিস্তিত ফুরোনোর
কি হবে তবে তিতিক্ষু শিশুদের উন্মুখতার...

রাতের অন্ধকার বদলে গেছে জীবনের দিনে
আলোকিত দিন এখন বহুদূর আমাকে ফেলে
সাহারা কি তবে প্রান্তহীন দুর্গম এ দু'পায়ে
তবু তপ্ত বালুকা রাশিতে হাতড়ে ফিরি প্রাণ...

নব নব শব্দে কড়া নাড়ে দু'কানের দরজায়
খুঁজে পাই নিজেকে প্রাসাদের নীচে, আশায়
শুনি কাঁচভাঙ্গা শব্দ আর ভেঙ্গে যায় বুক
আছি অনিন্দ মাটির প্রাসাদে স্বপ্নিল সুখে...

১২ জুলাই ২০১১

মদীনা মুনাওয়ারা, সউদি আরব।

efaz77@gmail.com

www.fazleelahi.com